

খেলাধুলার উন্নয়নে উপযুক্ত পরিবেশ গড়ে
তোলার উপর গুরুত্ব দিয়েছে সরকার : মুখ্যমন্ত্রী

খেলাধুলার জন্য উপযুক্ত পরিবেশ চাই। সেই পরিবেশ বজায় রাখার জন্য সঠিক আইন-শৃঙ্খলার ব্যবস্থা, নেশামুক্ত পরিবেশ গড়ে তোলা প্রয়োজন। তবেই রাজ্যের প্রতিটি ঘরে দীপা কর্মকার, সোমদেব দেববর্মণের মতো প্রতিভাবান খেলোয়াড় গড়ে উঠবে। রাজ্য সরকারের দায়িত্ব সেই পরিবেশ রাজ্যে গড়ে তোলা। বর্তমান রাজ্য সরকার সেই দিশায় কাজ করছে। আজ আগরতলার কুঞ্জবনস্থিত রাজ্য টেনিস কমপ্লেক্সে ত্রিপুরা টেনিস এসোসিয়েশনের উদ্যোগে দু'দিনব্যাপী ১৫তম কুশল ওপেন টেনিস চ্যাম্পিয়নশিপ-২০ ১৯-এর আনুষ্ঠানিক সূচনা করে একথা বলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব। তিনি বলেন, সঠিক পরিবেশ এবং সুব্যবস্থা প্রতিষ্ঠার মধ্য দিয়ে গ্রাম থেকেও প্রতিভাবান খেলোয়াড় উঠে আসতে পারে। তিনি বলেন, ব্যক্তির জীবনে সফলতা তখনই আসবে যখন তার মধ্যে একাগ্রতা, নিষ্ঠা এবং দায়িত্ববোধ গড়ে উঠবে।

মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরার সোমদেব দেববর্মণের মতো টেনিস খেলোয়াড় ছাড়াও রাজ্যের দীপা কর্মকার, লক্ষ্মিতা রিয়াং, আর্শিয়া দাসের মতো খেলোয়াড়রা নিজ নিজ ক্রীড়াক্ষেত্রে আন্তর্জাতিক পর্যায়ে তাদের নৈপুণ্য তুলে ধরেছেন। তিনি বলেন, নতুন সরকার রাজ্যে প্রতিষ্ঠার পর ত্রিপুরায় উত্তর-পূর্বাঞ্চল যুব উৎসব আয়োজিত হয়। স্বামী বিবেকানন্দ ময়দানে এতে লক্ষাধিক মানুষ সমবেত হন। এছাড়া ত্রিপুরায় জাতীয় স্কুল গেমস-এর অনূর্ধ্ব ১৭ বালিকা ফুটবল প্রতিযোগিতার আসর অনুষ্ঠিত হয়। এতে ত্রিপুরা চ্যাম্পিয়ন হয়। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে কেন্দ্রে জনমুখী সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর গরীব, কৃষক এবং মধ্যবিত্তদের কথা যেমন চিন্তা করছেন তেমনি সামাজিক, সাংস্কৃতিক এবং খেলাধুলার প্রসারের জন্য বিশেষ গুরুত্ব দিয়েছেন। খেলাধুলার ক্ষেত্রে খেলো ইন্ডিয়া প্রকল্প সারা দেশব্যাপী সাড়া জাগিয়েছে।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে ত্রিপুরা টেনিস এসোসিয়েশনের সভাপতি এডভোকেট জেনারেল অরুণকান্তি ভৌমিক বলেন, কৃতী খেলোয়াড় প্রয়াত কুশল জৈন-এর স্মৃতিকে ধরে রাখার জন্য এই প্রাইজমানি টুর্নামেন্ট অনুষ্ঠিত হচ্ছে। খেলার মাঠে স্বচ্ছতা আনতে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেবের নেতৃত্বে সরকার যে নতুন দৃষ্টিভঙ্গি গড়ে তুলেছে তার জন্য সরকারকে ত্রিপুরা টেনিস এসোসিয়েশনের পক্ষ থেকে তিনি ধন্যবাদ জানান। তিনি বলেন, প্রত্যেকটি খেলা বিশেষ করে আন্তর্জাতিক মানের খেলাগুলিকে বিশেষভাবে উৎসাহ দিতে হবে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন ত্রিপুরা ক্রীড়া পর্যদের সচিব ডা. মানিক সাহা, টুর্নামেন্টের টেকনিক্যাল ডিরেক্টর দেবপ্রিয়া দাস ঋষি, ত্রিপুরা টেনিস এসোসিয়েশনের সম্পাদক সুজিত রায়। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সন্তোষ সাহা, যুগ্ম টুর্নামেন্ট ডিরেক্টর রুচির জৈন, সি বি এস সি-র ডিরেক্টর ড. বিশ্বজিৎ সাহা। উল্লেখ্য এই টুর্নামেন্টে স্বাগতিক ত্রিপুরার হোয়াইট এবং ব্লু দল ছাড়া মিজোরাম, আসাম, পশ্চিমবঙ্গ, ঝাড়খন্ড, পার্শ্ববর্তী দেশ বাংলাদেশ, ও এন জি সি, বি এস এফ-এর দলগুলি অংশগ্রহণ করছে। মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব অনুষ্ঠান শেষে খেলোয়াড়দের সাথে পরিচিত হন।